অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/5/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক সিটিতে কুলিং টাওয়ার পরিদর্শন আরো জোরদার করতে বিধিমালায় স্বাক্ষর করলেন

নতুন আইনে বছরে দুইবার কুলিং টাওয়ার সার্টিফিকেশন, স্বাস্থ্য ঝুঁকির দ্রুত সমাধান এবং লঙ্ঘনের ক্ষেত্রে আরো কঠোর জরিমানার বিধান রাখা হয়েছে

এই নতুন শর্তগুলি নিউ ইয়র্কবাসীদের লিজিয়নেলার সংস্পর্শে আসার ঝুঁকি কমাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে বিধিমালায় স্বাক্ষর করেছেন যা নিউ ইয়র্ক সিটির (New York City) কুলিং টাওয়ারের মালিক ও অপারেটরদের জন্য সার্টিফাই করা করতে আবশ্যিক করবে যে তাদের কুলিং টাওয়ারগুলিকে নিউ ইয়র্ক সিটি অ্যাডমিনিস্ট্রেটিভ কোড (New York City Administrative Code) অনুযায়ী পরিদর্শন, পরীক্ষা, পরিষ্কার এবং জীবাণুমুক্ত করা হয়েছে। কুলিং টাওয়ার লিজিয়নেয়ার্স রোগের (Legionnaires' disease) মতো ব্যাকটেরিয়াজনিত প্রাদুর্ভাবের উৎস হতে পারে, যা ফ্লুর মতো উপসর্গ সৃষ্টি করে এবং প্রাণঘাতীও হতে পারে। বিধিমালাটি ভবনের মালিকদের জন্য নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ বিল্ডিংসকে (New York City Department of Buildings, NYC DOB) জানানোর জন্য এবং কুলিং টাওয়ারে জনস্বাস্থ্যের জন্য ঝুঁকিপূর্ণ যেকোনো পরিস্থিতির সমাধানে পদক্ষেপ নেওয়ার নির্দিষ্ট সময়সীমা নির্ধারণ করে দিয়েছে এবং যেসব ভবনের মালিক এইসব সমস্যা রিপোর্ট করতে বা সমাধান করতে ব্যর্থ হবেন তাদের জন্য দেওয়ানি জরিমানার পরিমাণ বাড়িয়ে দিয়েছে।

"নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করাই আমার সর্বোচ্চ অগ্রাধিকার," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "সাম্প্রতিক লিজিয়নেয়ার্স রোগের প্রাদুর্ভাব সার্টিফিকেশন সংক্রান্ত শর্তগুলি কতটা জরুরি তা তুলে ধরেছে, এবং নিউ ইয়র্কবাসীদের এই জনস্বাস্থ্য হুমকি থেকে সুরক্ষিত রাখা নিশ্চিত করতে আমরা সিটির সাথে কাজ করতে আগ্রহী।"

বিধিমালা (S08472-A/A09058A) অনুযায়ী প্রতি বছরের জানুয়ারি ও জুলাই মাসে অথবা NYC DOB নির্ধারিত তারিখে বছরে দুইবার সার্টিফিকেশন বাধ্যতামূলক করা হবে। এছাড়াও, এতে স্পষ্ট করা হয়েছে যে ভবনের মালিককে অবশ্যই রক্ষণাবেক্ষণের ঘাটতি যত দ্রুত সম্ভব তবে সর্বোচ্চ 48 ঘণ্টার মধ্যে সমাধান করতে পদক্ষেপ নিতে হবে, এবং অবশ্যই NYC DOB-কে তা জানাতে হবে এবং যত দ্রুত সম্ভব, তবে সর্বোচ্চ 24 ঘণ্টার মধ্যে জনস্বাস্থ্যে মারাত্মক ঝুঁকির কারণ হতে পারে এমন পর্যায়ের মাইক্রোবের উপস্থিত সমাধানে পদক্ষেপ নিতে হবে। এছাড়াও এখানে জরিমানা বাড়িয়ে প্রথমবারের লঙ্ঘনের জন্য দেওয়ানি জরিমানা 2,500 মার্কিন ডলার, দ্বিতীয় বা

পরবর্তী লঙ্ঘনের জন্য 7,000 মার্কিন ডলার এবং কোনো লঙ্ঘনের ফলে মৃত্যু বা গুরুতর আঘাতের ঘটনা ঘটলে সর্বোচ্চ 12,500 মার্কিন ডলার পর্যন্ত করা হবে।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "কুলিং টাওয়ারের জন্য নিউ ইয়র্ক স্টেটের দেশসেরা বিধিবিধান অগ্রসর করা এবং জনগণের লিজিয়নেলার (*Legionella)* সংস্পর্শে আসার ঝুঁকি কমানোর বিধিমালার ক্ষেত্রে নেতৃত্ব দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি। কুলিং টাওয়ারের অপারেটরদের নির্ধারিত সময়ের ব্যবধানে পরীক্ষা এবং প্রয়োজনীয় পরিশোধন ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করা উচিত। ডিপার্টমেন্ট স্থানীয় স্বাস্থ্য ডিপার্টমেন্ট এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে কাজ করতে থাকবে যাতে গ্রীষ্মকালীন নিউমোনিয়া সম্পর্কে সচেতনতা বাড়ানো যায় এবং গ্রীষ্মকালীন মাসে কোনো রোগী নিউমোনিয়ায় আক্রান্ত হলে *লিজিয়নেলা* সনাক্তের জন্য ক্লিনিক্যাল নমুনা সংগ্রহে উৎসাহিত করা যায়।"

নিউ ইয়র্ক সিটির মেয়র Zohran Mamdani (জোহরান মামদানি) বলেন, "নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখার অর্থ হলো ভবনের মালিকদের তাদের কুলিং টাওয়ারগুলির যথাযথ রক্ষণাবেক্ষণের জন্য জবাবদিহির আওতায় এনে প্রাদুর্ভাব ঘটার আগেই তা প্রতিরোধ করা। লিজিয়নেলা ব্যাকটেরিয়ার বিস্তার রোধ করতে নিউ ইয়র্ক সিটিতে দেশের সব থেকে কঠোর কুলিং টাওয়ার বিধিমালা রয়েছে, যেখানে নিয়মিত পরিদর্শন, রক্ষণাবেক্ষণ এবং পরীক্ষা বাধ্যতামূলক। প্রতি বছর আমরা ভবনের মালিকদের কাছ থেকে জবাবদিহি নিশ্চিত করতে শত শত হাজার মার্কিন ডলার জরিমানা আদায় করি, এবং এই সুরক্ষা ব্যবস্থাগুলিকে আরো শক্তিশালী করার যেকোনো সুযোগকে আমরা স্বাগত জানাই। প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জানার অধিকার রয়েছে যে তাদের স্বাস্থ্য সুরক্ষার জন্য তাদের সিটি সম্ভাব্য সবকিছু করছে।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের (New York City Council) স্পিকার Julie Menin (জুলি মেনিন) বলেন, "প্রতিরোধযোগ্য লিজিয়নেয়ার্স রোগের প্রাদুর্ভাবের কারণে কোনো পরিবারেরই তাদের প্রিয়জনকে হারানো উচিত নয়। এই বিধিমালা জবাবদিহি আরো জোরদার করার এবং বিপজ্জনক কুলিং টাওয়ারগুলি মানুষের জীবন ঝুঁকির মুখে পড়ার আগেই পরিদর্শন, রিপোর্ট এবং প্রতিকার নিশ্চিত করার দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই বিলে স্বাক্ষর করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষায় তার অঙ্গীকারের জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি। সিটি পর্যায়ে, কাউন্সিল এই বছরের সেপ্টেম্বর মাসে একটি বিস্তৃত তদারকি শুনানি এবং বিধিমালার প্যাকেজের মাধ্যমে প্রতিরোধ, স্বচ্ছতা এবং জনস্বাস্থ্য সুরক্ষাকে আরো জোরদার করতে আরো সংশোধন আনার জন্য কাজ চালিয়ে যাবে, যাতে এই মাত্রার কোনো প্রাদুর্ভাব আর কখনো না ঘটে।"

সিনেটর Cordell Cleare (কর্ডেল ক্লিয়ার) বলেন, "হার্লেমে লিজিয়নেয়ার্স রোগের প্রাদুর্ভাবের সময় আমি এক বছর আগে এই বিলটি খসড়া করেছিলাম এবং গভর্নর Hochul (হোকল) এটি দ্রুত স্বাক্ষর করায় আমি তার প্রতি কৃতজ্ঞ। পানির উৎস থেকে শুরু করে কল পর্যন্ত আমাদের পানি যেন সম্পূর্ণ বিশুদ্ধ থাকে তা নিশ্চিত করার সমাধানগুলি নিয়ে গভর্নর Hochul-এর (হোকল)-এর সাথে কাজ করার ব্যাপারে আগ্রহী।"

অ্যাসেম্বলির সদস্য Jordan Wright (জর্ডান রাইট) বলেন, "লিজিয়নেয়ার্স রোগ একটি গুরুতর এবং প্রতিরোধযোগ্য জনস্বাস্থ্য হুমকি, এবং নিউ ইয়র্কবাসীরা অসুস্থ হওয়ার, বা তারও চেয়ে খারাপ কিছু ঘটার পর পদক্ষেপ নেওয়ার জন্য আমরা অপেক্ষা করতে পারি না। এই বিধিমালা কুলিং টাওয়ারগুলির আরো ঘন ঘন পরীক্ষা ও সার্টিফিকেশন বাধ্যতামূলক করার মাধ্যমে, বিপজ্জনক পরিস্থিতি মোকাবেলার জন্য স্পষ্ট সময়সীমা নির্ধারণের মাধ্যমে এবং জনসাধারণকে সুরক্ষিত রাখতে নিজেদের দায়িত্ব পালনে ব্যর্থ ভবনের মালিকদের জন্য আরো কঠোর জরিমানা আরোপের মাধ্যমে আমাদের সুরক্ষা আরো জোরদার করেছে। আমি এই বিধিমালার পক্ষে থাকতে পেরে গর্বিত, কারণ প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জানার অধিকার রয়েছে যে তারা যেখানে বাস করেন, কাজ করেন, এবং একত্রিত হন, সেই স্থানগুলি নিরাপদ। এই অতি গুরুত্বপূর্ণ ব্যবস্থাকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং তার নেতৃত্বের জন্য আমি গভর্নর Kathy Hochul-কে (ক্যাথি হোকল) ধন্যবাদ জানাচ্ছি। তার পার্টনারশিপ আমাদের ভবিষ্যতে এই ধরনের প্রাদুর্ভাব প্রতিরোধ, অবহেলাকারী সম্পত্তির মালিকদের জবাবদিহির আওতায় আনা এবং নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিতে সাহায্য করেছে।"

অ্যাসেম্বলির সদস্য Amy Paulin (এমি পলিন) বলেন, "আমাদের স্টেটের অনেক পরিবার লিজিয়নেয়ার্স রোগের কারণে প্রতিরোধযোগ্য ক্ষতির শিকার হয়েছে। প্রত্যেক নিউ ইয়র্কবাসীর এই নিশ্চয়তা পাওয়ার অধিকার রয়েছে যে তাদের আশপাশের ভবনগুলি নিরাপদ এবং ভবনের মালিকদের জবাবদিহির আওতায় আনা হচ্ছে। জনস্বাস্থ্য সুরক্ষায় এই গুরুত্বপূর্ণ ব্যবস্থায় স্বাক্ষর করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের প্রতি কৃতজ্ঞ।"

লিজিয়নেয়ার্স রোগ গরম পানিতে বিকাশ পাওয়া *লিজিয়নেলা* ব্যাকটেরিয়ার কারণে হয়। ব্যাকটেরিয়াযুক্ত জলীয় বাষ্পের মাধ্যমে এই রোগ ছড়ায়। এটি এক ধরনের নিউমোনিয়া, যা জ্বর, কাঁপুনি, পেশিতে ব্যথা এবং কাশিসহ ফ্লুর মতো উপসর্গ সৃষ্টি করে। কেউ যদি মনে করেন যে তিনি লিজিয়নেয়ার্স রোগে আক্রান্ত হয়েছেন, তাকে অবিলম্বে তার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করার জন্য উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।